

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে আষাঢ়, ১৪০৭ বাৎ/৩রা জুলাই ২০০০ ইং।

এস,আর,ও নং ২০১-আইন/২০০০।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৭ই আষাঢ় ১৪০৬/১লা জুলাই, ১৯৯৯ তারিখের এস,আর,ও নং ১৭৮-আইন/৯৯ দ্বারা জারীকৃত প্রজ্ঞাপনে নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রথম অনুচ্ছেদ এর দফা (৩) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৩) ২০০০ সিসি এর উপরে মোটরকার ও ৩০০০সিসি এর উপরে জীপের ক্ষেত্রে সংশ্লিষ্ট মোটরকার বা জীপের ক্রয় মূল্যের ৫ (পাঁচ) শতাংশ অথবা ৫০,০০০/- টাকা, এই দুইটির মধ্যে যাহা বেশী, এবং ২০০০ সিসি বা তার নীচের মোটরকার ও ৩০০০ সিসি বা তার নীচের জীপের ক্রয় মূল্যের ২.৫ (দুই দশমিক পাঁচ) শতাংশ অথবা ১০,০০০/- টাকা, এই দুইটির মধ্যে যাহা বেশী, তাহা উক্ত মোটরকার বা জীপের রেজিস্ট্রেশনের সময় বিনিয়োগের উপর আয়কর হিসাবে পরিশোধ করা হইলে সংশ্লিষ্ট মোটরকার বা জীপের বিনিয়োগ করমুক্ত বলিয়া বিবেচিত হইবে;”।

Bangladesh Tax Update  
[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
ফারুক আহমদ সিদ্দিকী  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)